আওয়ামী লীগ 'ভারতপন্থী' এবং জামায়াত 'পাকিস্তানপন্থী': রিজভী



সংগৃহীত ছবি

বিএনপির যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী আওয়ামী লীগকে 'ভারতপন্থী' এবং জামায়াতে ইসলামীকে 'পাকিস্তানপন্থী' দল হিসেবে আখ্যায়িত করেছেন। শুক্রবার (৫ সেপ্টেম্বর) বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বগুড়ায় স্বেচ্ছাসেবক দলের এক আলোচনা সভায় তিনি এই মন্তব্য করেন।

রুহুল কবির রিজভী বলেন, "আওয়ামী লীগ প্রমাণিত ভারতপন্থী আর মুক্তিযুদ্ধে পাকিস্তানের পক্ষে অবস্থান নিয়েছিল জামায়াতে ইসলামী।"

তিনি আরও দাবি করেন, জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানের ভিত্তি তৈরি করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। রিজভী বলেন, তারেক রহমান প্রযুক্তি এবং দলীয় নেতাকর্মীদের মাধ্যমে "স্বৈরাচার শেখ হাসিনার পতন ঘটিয়েছেন।"

ডাকসু নির্বাচন প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির সমালোচনা করে রুহুল কবির রিজভী বলেন, তিনি নারী অধিকার ও প্রগতির ব্যাপারে নিষ্ক্রিয় এবং আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্র পছন্দ করেন না। ছাত্রশিবিরের ভিপি ও জিএস প্রার্থীরা অতীতে ছাত্রলীগের রাজনীতির সঙ্গে যুক্ত থেকে গণতান্ত্রিক আন্দোলন দমনে কাজ করেছেন বলেও তিনি মন্তব্য করেন।

রিজভী আরও অভিযোগ করেন, ছাত্রশিবির নিয়ে সমালোচনা করলে সামাজিক যোগাযোগমাধ্যমে ডাকসুর অন্যান্য বিজয়ী প্রার্থী ও সাধারণ শিক্ষার্থীদের হেনস্তা (বুলিং) করা হচ্ছে।

বগুড়া স্বেচ্ছাসেবক দলের এই আলোচনা সভায় জেলা বিএনপি ও এর অঙ্গসংগঠনের শীর্ষ নেতারাও উপস্থিত ছিলেন।